দৈনিক জনকণ্ঠ

তারিখ FEB 25-2000
পৃষ্ঠা ২ কলাম ৩
227

# পরীক্ষা কেন্দ্র বাতিল করায় ট্রেন আটক ভাংচুর

**স্টাফ রিপোর্টার** ॥ পরীক্ষা কেন্দ্র বাতিল করায় বৃহস্পতিবার জামালপুরের ইসলামপুরে এসএসসি পরীক্ষার্থীরা আন্তঃনগর ট্রেন তিস্তা এক্সপ্রেস আটকে রেখে ব্যাপক ভাংচুর করেছে।

উচ্ছৃঙ্খল ছাত্রদের সঙ্গে মিলে উত্তেজিত জনতার তাণ্ডবে ট্রেনের ড্রাইভারসহ বেশ ক'যাত্রী গুরুতর আহত হন। তাণ্ডব চলাকালে ঢাকা-বাহাদুরাবাদঘাট রুটে ২ ঘণ্টা ট্রেন চলাচল বন্ধ থাকে। আমাদের জামালপুরস্থ নিজস্ব সংবাদদাতা মোস্তফা বাবুল, ইসলামপুরস্থ নিজস্ব সংবাদদাতা আনোয়ার হোসেন মিন্টু জানিয়েছেন,

*(২- পৃষ্ঠা ৩-এর কঃ দেখুন)*

# পরীক্ষা কেন্দ্র বাতিল

*(১৬-এর পাতার পর)*

সেখানকার পরিস্থিতি এখনও উত্তেজনাকর। ইসলামপুরে জনতা কর্তৃক প্রায় ঘেরাও অবস্থা থেকে টেলিফোনে ভূমি প্রতিমন্ত্রী রাশেদ মোশাররফ শান্তি রক্ষায় প্রধানমন্ত্রী এবং শিক্ষামন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেন। ভূমি প্রতিমন্ত্রী বলেন, কেন্দ্রটি নিয়ে শিক্ষামন্ত্রীর সঙ্গে তাঁর আলোচনা হয়েছিল। কিন্তু শিক্ষামন্ত্রী তাঁর কথা না শুনে হঠাৎ করে কেন্দ্রটি জেলাশহরে সরিয়ে নেয়ায় এলাকায় অসন্তোষের সৃষ্টি হয়েছে। ভূমিপ্রতিমন্ত্রী বৃহস্পতিবার রাতে ইসলামপুর থেকে সেখানকার পরিস্থিতি সরকারের বিভিন্ন মহলকে জানিয়েছেন। উল্লেখ্য, গত বছর এসএসসি পরীক্ষা চলাকালে ইসলামপুর নেকজাহান পাইলট উচ্চ বিদ্যালয়ে নকলকে কেন্দ্র করে সহিংস ঘটনার প্রেক্ষিতে বোর্ড কর্তৃপক্ষ কেন্দ্রটি বাতিল করে জেলা সদরে সরিয়ে নিয়ে আসে। প্রায় ১২শ' ছাত্রছাত্রী কেন্দ্রটির মাধ্যমে পরীক্ষা দেয়ার কথা। বৃহস্পতিবার সিদ্ধান্তটি সর্বস্তরে জানাজানি হলে সেখানে নতুন সহিংসতার সূত্রপাত হয়।

বিক্ষুব্ধ ছাত্ররা তাদের সমর্থক লোকজনকে নিয়ে বৃহস্পতিবার থানা সদরে বিক্ষোভ মিছিল বের করে। মিছিল শেষে বেলা সাড়ে ১১টার দিকে তারা সমবেত হয় ইসলামপুর রেল স্টেশনে। তারা রেললাইনের ওপর লাল ব্যানার টানিয়ে, রেলপাত বসিয়ে ব্যারিকেড সৃষ্টি করে। আটক করে বাহাদুরাবাদঘাটগামী আন্তঃনগর তিস্তা এক্সপ্রেস ট্রেনটিকে। একপর্যায়ে ট্রেনকে লক্ষ্য করে ইট-পাথর ছুড়ে শুরু করে তাণ্ডব। তাদের হামলায় ট্রেনের চালক নূর মোহাম্মদ খান, এএলএম আবুল কালাম গুরুতর আহত হন। ইট-পাথরের আঘাতে আহত হন বেশকিছু যাত্রী। রেল স্টেশনেরও ক্ষতি হয়েছে। রেল কর্তৃপক্ষ বলেছে, তাদের ক্ষতি হয়েছে প্রায় ৫০ লাখ টাকার সম্পদের। বিক্ষুব্ধ ছাত্ররা এসবের আগে টিএনওর কাছে পরীক্ষা কেন্দ্র পুনর্বহালের দাবিতে স্মারকলিপি দেয়। তাণ্ডব নিয়ন্ত্রণের বাইরে চলে গেলে টিএনও অফিস থেকে মাইকে ঘোষণা দেয়া হয় পরীক্ষা কেন্দ্র পুনর্বহাল করা হয়েছে। এর পর পরিস্থিতি তাৎক্ষণিক শান্ত হয়। তবে এলাকা জুড়ে এখনও উত্তেজনা বিরাজ করছে। ট্রেনের পরিচালক আবুল বাশার বাদী হয়ে জামালপুর জিআরপি থানায় একটি মামলা দায়ের করেছেন।